**বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ**
**৩৭/এ দিলকুশা বা/এ**
**ঢাকা-১০০০।**

**এস. আর. ও. নং. ----------- -আইন/২০২৩।**- বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নম্বর আইন) এর ধারা ৪৩ এর উদ্দেশ্য পূরণকল্পে ধারা ১৪৮ এ প্রদত্ত ক্ষমতাবলে, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, সরকারের অনুমোদনক্রমে নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা:-

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**। — (১) এই প্রবিধানমালা লাইফ বীমাকারীর সলভেন্সি মার্জিন প্রবিধানমালা, ২০২৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা সরকারি গেজেটে প্রকাশের তারিখ হইতে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**। — (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায় —

(ক) "আইন" অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নম্বর আইন);

(খ) "কর্তৃপক্ষ" অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সালের ১২ নম্বর আইন) এর ধারা ২(ক) এ সংজ্ঞায়িত কর্তৃপক্ষ।

(২) এই প্রবিধানমালায় যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা বা ব্যাখ্যা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নম্বর আইন) এ যেই অর্থে ব্যবহৃত হইয়াছে, এই প্রবিধানমায়ও সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **সম্পদের মূল্যায়ন**।— প্রত্যেক লাইফ বীমাকারী তফসিল ১ এর ফরম অনুযায়ী সম্পদের মূল্যের একটি বিবরণী প্রস্তুত করিবে।

৪। **দায়ের পরিমাণ নির্ধারণ**।— প্রত্যেক লাইফ বীমাকারী তফসিল ২ এর ফরম অনুযায়ী দায় এর পরিমাণের একটি বিবরণী প্রস্তুত করিবে।

৫। **সলভেন্সি মার্জিন নির্ধারণ**।— প্রত্যেক লাইফ বীমাকারী তফসিল ৩ অনুসারে প্রয়োজনীয় সলভেন্সি মার্জিনের জন্য তফসিল ৩ এর ফরম অনুযায়ী এবং সলভেন্সি মার্জিনের জন্য তফসিল ৪ এর ফরম অনুযায়ী একটি বিবরণী প্রস্তুত করিবে।

৬। **সলভেন্সি অনুপাত/নুন্যতম সলভেন্সি মার্জিন**।—এই প্রবিধানমালা জারীর সময় তফসিল ৩ এ উল্লিখিত লাইফ বীমাকারীর সলভেন্সি অনুপাত হইবে কমপক্ষে ১ (এক)। কর্তৃপক্ষ যে কোনো সময় সলভেন্সির অনুপাত আদেশ দ্বারা বৃদ্ধি করিতে পারিবে এবং আদেশে উল্লিখিত সময়সীমার মধ্যে বীমাকারী সলভেন্সির অনুপাত সংরক্ষণ করিবে।

তফসিল ১
**সম্পদের মূল্যায়ন**
(প্রবিধান ৩ দ্রষ্টব্য)

১। সম্পদের মূল্য — নিম্নের সম্পদগুলো শূন্যমূল্য হিসেবে গণ্য হইবে :

(ক) যেসকল ঋণ যখন তা আদায়যোগ্য নহে;
(খ) অআদায়যোগ্য প্রকৃতির অগ্রিমসমূহ;
(গ) আসবাবপত্র, স্থাপিত জিনিসপত্র, ডেড-স্টক, সফটওয়্যার ও স্টেশনারী মালামাল;
(ঘ) পূর্বপরিশোধিত খরচসমূহ;
(ঙ) লাভ ও ক্ষতির হিসাব সমন্বয় স্থিতি;
(চ) পুনঃবীমাকারীর ১ (এক) মাস অধিককালের অনাদায়ী স্থিতি;
(ছ) কোম্পানি গঠনে প্রাথমিক ব্যয়সমূহ;
(জ) Intangible সম্পদ;
(ঝ) অপরিশোধিত প্রিমিয়াম যাহা ১ (এক) মাসের মধ্যে অথবা বীমা আইন, ২০১০ এর ধারা ৩২ মোতাবেক নিরীক্ষক কর্তৃক রিটার্ন স্বাক্ষর হওয়া পর্যন্ত, যেইটি পূর্বে ঘটে, সংগৃহীত হয় নাই;
(ঞ) এজেন্টের স্থিতি যাহা বীমা আইন, ২০১০ এর ধারা ৩২ মোতাবেক নিরীক্ষক কর্তৃক রিটার্ন স্বাক্ষর হওয়া পর্যন্ত সমন্বয় করা হয় নাই।



29 AUG 2023

মোহাম্মদ জয়নুল বারী
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

ফরম-তফসিল ১

সম্পদ মূল্যের ফরম

(প্রবিধান ৩ দ্রষ্টব্য)

৩১ ডিসেম্বর, ........................ খ্রিষ্টাব্দে সম্পদের বিবরণ।

লাইফ বীমাকারীর নাম ..................................................................

নিবন্ধন নম্বর .............................. নিবন্ধনের তারিখ ..................................

| ক্রমিক নম্বর | সম্পদের শ্রেণী | পরিমাণ (সহস্র এককে) | | মোট |
|---|---|---|---|---|
| | | পলিসিগ্রাহকগণের তহবিল | শেয়ারহোল্ডারগণের তহবিল | |
| | (১) | (২) | (৩) | (৪) = (২) + (৩) |
| ১ | নগদ এবং নগদতুল্য | | | |
| ২ | সরকারি সিকিউরিটিজ (ফেয়ার ভ্যালু অথবা বাজারমূল্য এর মধ্যে যেটি কম হয়) | | | |
| ৩ | স্থায়ী আমানত (যে পরিমান আদায়যোগ্য হয়) | | | |
| ৪ | শেয়ারে বিনিয়োগ (ফেয়ার ভ্যালু অথবা বাজারমূল্য এর মধ্যে যেটি কম হয়) | | | |
| ৫ | মিউচুয়াল ফান্ড (ফেয়ার ভ্যালু, এনএভি এবং বাজার মূল্য এর মধ্যে যেটি কম হয়) | | | |
| ৬ | ডিবেঞ্চার/বন্ড (ফেয়ার ভ্যালু এবং বাজার মূল্য এর মধ্যে যেটি কম হয়) | | | |
| ৭ | অন্যান্য সিকিউরিটিস (ফেয়ার ভ্যালু অথবা বাজারমূল্য এর মধ্যে যেটি কম হয়) | | | |
| ৮ | সম্পত্তিতে বিনিয়োগ - স্থাবর সম্পত্তি (ক্রয় মূল্য, অথবা ফেয়ার ভ্যালু এর মধ্যে যেটি কম হয়) | | | |
| ৯ | অন্যান্য দৃশ্যমান (Tangible) সম্পদ। (ক্রয় মূল্য, অবচায়িত মূল্য, অথবা ফেয়ার ভ্যালু এর মধ্যে যেটি কম হয়) | | | |
| ১০ | পলিসি লোন | | | |
| ১১ | অপরিশোধিত প্রিমিয়াম যাহা ১ (এক) মাসের মধ্যে অথবা বীমা আইন, ২০১০ এর ধারা ৩২ মোতাবেক নিরীক্ষক কর্তৃক রিটার্ন স্বাক্ষর হওয়া পর্যন্ত, যেইটি পূর্বে ঘটে, সংগৃহীত হয় | | | |
| ১২ | মোট সম্পদ মূল্য | | | |

29 AUG 2023

মোহাম্মদ জয়নুল বারী
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

## তফসিল ২
## দায় মূল্যায়ন

**ক- ব্যাখ্যা। এই তফসিলে —**

(ক) একচ্যুয়ারিয়্যাল মূল্যায়ন এর তারিখ বলিতে সংশ্লিষ্ট আর্থিক বিবরণীর তারিখকেই বুঝাইবে;

(খ) একচ্যুয়ারিয়াল রিজার্ভ বলিতে আইনের ৩০ ধারা এর উপ-ধারা (৭) এ উল্লিখিত দায়ের সর্বনিম্ন একচ্যুয়ারিয়াল রিজার্ভকে বুঝাইবে।

**খ-** একচ্যুয়ারিয়াল রিজার্ভ নির্ধারণের পদ্ধতি— (১) বীমাকারীর প্রত্যেক পরিকল্প বা প্ল্যানের জন্য আলাদাভাবে একচ্যুয়ারিয়াল রিজার্ভ নির্ধারণ করিতে হইবে;

(২) একচ্যুয়ারিয়াল রিজার্ভ নেট (Net) প্রিমিয়াম পদ্ধতিতে মূল্যায়ন করিতে হইবে; এবং

(৩) বীমা পলিসির নির্ধারিত নেট প্রিমিয়াম পরিমাণ পলিসির মধ্যে অন্তর্ভুক্ত সুবিধাদি প্রদানের জন্য পর্যাপ্ত হইতে হইবে।

তবে শর্ত থাকে যে, বোনাস, অফিস খরচ অথবা অন্যান্য মাসুল উক্ত প্রিমিয়াম অংকের মধ্যে অন্তর্ভুক্ত হইবে না।

(৪) নেট প্রিমিয়াম হইতে একচুয়ারিয়্যাল নীতিসমূহ ব্যবহার করিয়া বড় ধরণের প্রারম্ভিক খরচ সমন্বয় করা যাইতে পারে।

(৫) প্রত্যেক পলিসির দায় মূল্যায়নের ক্ষেত্রে সকল প্রাসঙ্গিক বিষয়াদি বিবেচনায় নিয়ে যুক্তিসংগত অনুমানের ভিত্তিতে দায় মূল্যায়ন করিতে হইবে।

(৬) যদি নিয়োজিত একচ্যুয়ারি যে কোন পলিসির একচ্যুয়ারিয়াল রিজার্ভ নেতিবাচক দেখিতে পান সেই ক্ষেত্রে তাহা শূন্য হিসাবে নির্ধারণ করিবেন।

(৭) যেই ক্ষেত্রে কোন পলিসির মূল্যায়নে একচ্যুয়ারিয়াল রিজার্ভ নির্ধারিত প্রতিশ্রুত সমর্পন মূল্য (specified guaranted surrender value) এর চেয়ে কম হয় সেই ক্ষেত্রে নিয়োজিত একচ্যুয়ারি নির্ধারিত প্রতিশ্রুত সমর্পন মূল্য (specified guaranted surrender value) কে একচ্যুয়ারিয়াল রিজার্ভ হিসাবে নির্ধারণ করিবেন।

(৮) তফসিল-২(খ) এর (৬) এবং (৭) ক্রমিকে উল্লিখিত ক্ষেত্রসমূহ ব্যতিত সকল ক্ষেত্রে কোন পরিবর্তন ব্যতিত একচ্যুয়ারিয়াল রিজার্ভ নির্ধারণ করিতে হইবে।

(৯) দায়ের মূল্যায়ন পদ্ধতি এবং অনুমানসমূহ এক বৎসর হইতে অন্য বৎসরে প্রয়োজন সাপেক্ষে পরিবর্তন করা যাইবে।

(১০) যদি নিয়োজিত একচ্যুয়ারি নেট প্রিমিয়াম মূল্যায়ন পদ্ধতি ব্যতিত অন্য কোন মূল্যায়ন পদ্ধতি প্রয়োগ করা যুক্তিযুক্ত মনে করেন, তবে সেই পদ্ধতি ব্যবহার করা যাইবে। শর্ত থাকে যে, এক্ষেত্রে নিয়োজিত একচ্যুয়ারিকে সন্তুষ্ট হইতে হইবে যে, উক্ত পদ্ধতি প্রয়োগের মাধ্যমে মূল্যায়িত একচ্যুয়ারিয়াল রিজার্ভ নেট প্রিমিয়াম পদ্ধতিতে মূল্যায়িত একচ্যুয়ারিয়াল রিজার্ভের কম হইবে না।

(১১) নিয়োজিত একচ্যুয়ারি তাঁহার প্রতিবেদনে ব্যবহৃত পদ্ধতির যৌক্তিকতা উল্লেখ করিতে হইবে।

**গ-** পলিসি অপশন- পলিসিতে বীমাগ্রাহক কর্তৃক প্রদত্ত অপশন জনিত দায় বিবেচনায় নিয়া একচ্যুয়ারিয়াল রিজার্ভ মূল্যায়ন করিতে হইবে।

**ঘ-** মূল্যায়ণ ভিত্তি- (১) একচ্যুয়ারিয়াল ভিত্তি (Basis) অনুযায়ী একচ্যুয়ারিয়াল রিজার্ভ গণনা করিতে হইবে। প্রতিটি পরিকল্প বা প্ল্যানের জন্য যথাযথ মূল্যায়ন মাত্রা নির্ধারণ করিতে হইবে।

(২) বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত Mortality Table ও Morbidity Rate ব্যবহার করিতে হইবে।

(৩) দায় মূল্যায়নের ক্ষেত্রে অংশগ্রহণকারী (Participating) পলিসি ও অ-অংশগ্রহণকারী (Non-participating) পলিসিতে কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত সুদ হার প্রস্তাব করা যাইবে।

**ঙ-** পুনঃবীমা- (১) এই প্রবিধান পুনঃবীমাকারীদের ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

(২) পুনঃবীমা প্রদানকারী (Ceded) বীমাকারীদের ক্ষেত্রেও এই প্রবিধান প্রযোজ্য হইবে। তবে তা ঝুঁকি গ্রহণের সক্ষমতা (Net sum at risk retained) পর্যন্ত বিবেচ্য হইবে।

**চ-** সংযুক্ত ব্যবসায়ের (Linked business) জন্য অতিরিক্ত শর্তাবলীঃ (১) সংযুক্ত ব্যবসায়ের রিজার্ভ দুইটি উপাদানের সমন্বয়ে গঠিত হইবে, যথা- ইউনিট রিজার্ভ এবং নন-ইউনিট রিজার্ভ।

(২) মূল্যায়নের তারিখে ইউনিটের মূল্য ও চলমান পলিসিতে বরাদ্দ ইউনিট ব্যবহার করিয়া ইউনিট রিজার্ভ গণনা করিতে হইবে।

(৩) নন-ইউনিট রিজার্ভ নির্ধারণে নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনায় নিতে হইবে, যথা-

(ক) মরণোত্তর সুবিধা (Death benefits), যদি থাকে, যাহা নন-ইউনিট তহবিল প্রদত্ত এবং ইউনিট মূল্যের অধিক;

(খ) নন-ইউনিট তহবিল হইতে ব্যয়িত ব্যবস্থাপনা ব্যয়;



29 AUG 2023

মোহাম্মদ জয়নুল বারী
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

(গ) প্রত্যার্পণ মূল্য অথবা মৃত্যুদাবি বা মেয়াদোত্তীর্ণ দাবিতে নিশ্চয়তা (guarantee), যদি থাকে, সে সংক্রান্ত ব্যয়।

**ছ- ইসলামী লাইফ বীমা ব্যবসা-** (১) ইসলামী লাইফ বীমা ব্যবসায় দুই ধরণের রিজার্ভ গণনা করিতে হইবে। যথা- ঝুঁকির জন্য রিজার্ভ এবং বিনিয়োগের জন্য রিজার্ভ।

(২) ঝুঁকির জন্য রিজার্ভ গণনার ক্ষেত্রে তফসিল-২ এর ২ নং অনুচ্ছেদে বর্ণিত পদ্ধতি প্রযোজ্য হইবে।

(৩) অংশগ্রহণকারীদের তহবিলের সম্পদের মূল্য বিনিয়োগ তহবিলের মূল্য হিসেবে গণ্য হইবে এবং বিনিয়োগের ক্ষেত্রে তা রিজার্ভ হিসেবে গণনা করিতে হইবে।

**জ- অন্যান্য বীমা ব্যবসাঃ** এই প্রবিধানমালায় বর্ণিত হয় নাই এমন লাইফ বীমা ব্যবসায়ের ক্ষেত্রে নিয়োজিত একচ্যুয়ারি কর্তৃক সাধারণভাবে গ্রহণীয় একচ্যুয়ারিয়াল নীতিমালা দ্বারা রিজার্ভ নির্ধারণ করিতে হইবে।

**ঝ- সঞ্চিতির (Provisions) শর্ত-** যেক্ষেত্রে প্রত্যেক পলিসির জন্য একচ্যুয়ারিয়াল রিজার্ভ গণনা করা সম্ভব নয়, সেক্ষেত্রে একচ্যুয়ারি নিম্নলিখিত বিষয়ে একত্রিত সঞ্চিতি রাখিবেন-

(ক) অবলিখন পর্যায়ে নিম্নমানের জীবন (sub standard lives) এর বিভিন্ন ঝুঁকি যথা- পেশাগত ঝুঁকি, অতিঃ ওজন, কম ওজন, ধুমপান জনিত ঝুঁকি, স্বাস্থ্য ঝুঁকি, জলবায়ু ও ভৌগলিক ঝুঁকি এর জন্য গৃহীত অতিরিক্ত প্রিমিয়াম;

(খ) তামাদি পলিসি যাহা মুল্যায়নে সম্পৃক্ত হয়নাই কিন্তু যাহাতে কোন ঝুঁকি বিদ্যমান বা ঝুঁকি উদ্ভূত হইতে পারে;

(গ) একক ও গ্রুপ বীমা পলিসিতে প্রদত্ত নিশ্চয়তা (guarantees) এবং প্রদত্ত অপশন (option);

(ঘ) যেক্ষেত্রে বৈদেশিক মুদ্রায় পলিসি ইস্যু করা হয়, সেক্ষেত্রে বিনিময় হারে পার্থক্য;

(ঙ) পরিশোধিত পলিসি (Paid up policies) এর সম্ভাব্য ভবিষ্যৎ ব্যয়।

**ঞ- অন্যান্য দায়-**

(i) মন্দ ও সন্দেহযুক্ত ঋণের বিপরীতে রিজার্ভ ;
(ii) ঘোষিত বা সুপারিশকৃত ডিভিডেন্ডের এবং পূর্ণ অপরিশোধিত ডিভিডেন্ড এর বিপরীতে রিজার্ভ;
(iii) করের বিপরীতে রিজার্ভ;
(iv) বিবিধ পাওনাদারের বিভিন্ন প্রাপ্য;
(v) অন্যান্য দায়;
(vi) সঞ্চিত প্রিমিয়াম;
(vii) অপ্রত্যাশিত ক্ষতির বিপরীতে রিজার্ভ;
(viii) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের নিকট হইতে ঋণ ও ঋণের অপরিশোধিত সুদ;
(ix) বীমা ব্যবসায়রত অন্য বীমা কোম্পানির নিকট বকেয়ার পরিমাণ;
(x) বকেয়া নেট দাবিসমূহ;
(xi) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্য যে কোন দায়।

**ট- দায় বিবরণী-** প্রত্যেক বীমাকারী তফসিল ২ এর ফরম অনুযায়ী একটি দায় বিবরণী প্রস্তুত করিবে।

29 AUG 2023
মোহাম্মদ জয়নুল বারী
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

ফরম-তফসিল ২

দায় মূল্যায়ন

(প্রবিধান ৪ দ্রষ্টব্য)

৩১ ডিসেম্বর, ........................ তারিখে দায়মূল্যায়নের বিবরণী।

লাইফ বীমাকারীর নাম ...........................................................................

নিবন্ধন নম্বর ............................ নিবন্ধনের তারিখ ....................................

কোটি টাকায়

| বিবরণ | একচ্যুয়ারিয়াল রিজার্ভ (বোনাসসহ, যেই ক্ষেত্রে বরাদ্দ রয়েছে) |
|---|---|
| **১. গতানুগতিক লাইফ বীমাঃ**<br>**(ক) একক বীমা**<br>**(খ) গ্রুপ ও স্বাস্থ্য বীমা**<br>**(গ) অন্যান্য (যদি থাকে)** | |
| **মোট- (১)** | |
| **২. ইসলামী লাইফ বীমা (........................ মডেল)***<br>**২.০১. ঝুঁকির ক্ষেত্রে দায়-**<br>**(ক) একক বীমা**<br>**(খ) গ্রুপ ও স্বাস্থ্য বীমা**<br>**(গ) অন্যান্য (যদি থাকে)**<br>**২.০২. বিনিয়োগের ক্ষেত্রে দায়** | |
| **মোট- (২)** | |
| **৩. সংযুক্ত ব্যবসা (Linked Business)**<br>(ক) ইউনিট রিজার্ভ<br>(খ) নন-ইউনিট রিজার্ভ | |
| **মোট- (৩)** | |
| **সর্বমোট- (১+২+৩)** | |

* ইসলামী লাইফ বীমার ক্ষেত্রে কোন লাইফ বীমাকারী যদি একাধিক মডেল ব্যবহার করে তবে বিবরণের ২ নম্বরের হিসাব ব্যবহৃত মডেল অনুযায়ী আলাদাভাবে করিতে হইবে।

29 AUG 2023

মোহাম্মদ জয়নুল বারী
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

তফসিল-৩

(প্রবিধান ৫ দ্রষ্টব্য)

**লাইফ বীমাকারীর সলভেন্সি মার্জিন নির্ধারণ**

ক- ব্যাখ্যা। এই তফসিলে—

(ক) 'প্রাপ্তিসাধ্য সলভেন্সি মার্জিন (Avalible Solvency Margin- ASM' অর্থ লাইফ বীমার সম্পদের মূল্য (তফসিল ১ এর ফরম হইতে প্রাপ্ত) থেকে দায়ের মূল্য (তফসিল ২ এর ফরম হইতে প্রাপ্ত) এবং পলিসিগ্রাহকগণের তহবিল ও শেয়ারহোল্ডারগণের তহবিলের বিপরীতে দায়সমূহ বাদ দেওয়ার পর যাহা থাকিবে।

(খ) 'সলভেন্সি অনুপাত' অর্থ প্রাপ্তিসাধ্য সলভেন্সি মার্জিন (ASM) ও প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন (Required Solvency Margin- RSM) এর অনুপাত।

২। প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন গণনা। — প্রত্যেক বীমাকারী তফসিল ৩ এর ফরম অনুযায়ী প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন গণনা করিবে।

৩। সলভেন্সি মার্জিন নির্ধারণ। — প্রত্যেক বীমাকারী তফসিল ৪ এর ফরম অনুযায়ী প্রাপ্তিসাধ্য সলভেন্সি মার্জিন, প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন ও সলভেন্সি অনুপাতের হিসাব থাকিতে হইবে।

ফরম-তফসিল ৩

(প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন)

(প্রবিধান ৫ দ্রষ্টব্য)

লাইফ বীমাকারীর নাম ..............................................................................

নিবন্ধন নম্বর ........................... নিবন্ধনের তারিখ .......................................

কোটি টাকায়

| বিবরণ | একচ্যুয়ারিয়াল রিজার্ভ (বোনাসসহ, যেক্ষেত্রে বরাদ্দ রয়েছে) | উৎপাদক (Factor) | নির্ধারিত সলভেন্সি মার্জিন (RSM) (২) × (৩) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| **১. গতানুগতিক লাইফ বীমাঃ**<br>**(ক) একক বীমা**<br>**(খ) গ্রুপ ও স্বাস্থ্য বীমা**<br>**(গ) অন্যান্য (যদি থাকে)** | | <br>**৪%**<br>**৩%**<br>**২%** | |
| **মোট- (১)** | | | |
| **২. ইসলামী লাইফ বীমা**<br>**(......................... মডেল)***<br>**২.০১. ঝুঁকির ক্ষেত্রে দায়-**<br>**(ক) একক বীমা**<br>**(খ) গ্রুপ ও স্বাস্থ্য বীমা**<br>**(গ) অন্যান্য (যদি থাকে)**<br>**২.০২. বিনিয়োগের ক্ষেত্রে দায়** | | <br><br><br>**৪%**<br>**৩%**<br>**২%**<br>**৪%** | |
| **মোট- (২)** | | | |
| **৩. সংযুক্ত ব্যবসা (Linked Business)**<br>(ক) ইউনিট রিজার্ভ<br>(খ) নন-ইউনিট রিজার্ভ | | <br>**৪%**<br>**৪%** | |
| **মোট- (৩)** | | | |
| **সর্বমোট (১+২+৩)** | | | |

* ইসলামী লাইফ বীমার ক্ষেত্রে কোন লাইফ বীমাকারী যদি একাধিক মডেল ব্যবহার করে তবে ১ নম্বর কলামের ২ নম্বর ক্রমিকের হিসাব ব্যবহৃত মডেল অনুযায়ী আলাদাভাবে করিতে হইবে।

মোহাম্মদ জয়নুল বারী
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
29 AUG 2023

ফরম-তফসিল ৪

প্রাপ্তিসাধ্য সলভেন্সি মার্জিন

(প্রবিধান ৫ দ্রষ্টব্য)

## প্রাপ্তিসাধ্য সলভেন্সি মার্জিন, প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন ও সলভেন্সি অনুপাতের বিবরণী

লাইফ বীমাকারীর নাম ........................................................................

নিবন্ধন নম্বর .............................. নিবন্ধনের তারিখ ..................................

| ক্রমিক নম্বর | বর্ণনা | পরিমাণ |
|---|---|---|
| ১ | পলিসিগ্রাহকগণের তহবিলে সমন্বয়কৃত সম্পদ | |
| ২ | একচ্যুয়ারিয়াল রিজার্ভ | |
| ৩ | পলিসিগ্রাহকগণের তহবিলের অন্যান্য দায় | |
| ৪ | পলিসিগ্রাহকগণের তহবিলে অতিরিক্ত (১-২-৩) | |
| ৫ | শেয়ারহোল্ডারগণের তহবিলে সমন্বয়কৃত সম্পদ | |
| ৬ | শেয়ারহোল্ডারগণের তহবিলের অন্যান্য দায় | |
| ৭ | শেয়ারহোল্ডারগণের তহবিলে অতিরিক্ত (৫-৬) | |
| ৮ | প্রাপ্তিসাধ্য সলভেন্সি মার্জিন (ASM) = (৪+৭) | |
| ৯ | প্রয়োজনীয় সলভেন্সি মার্জিন (RSM) | |
| ১০ | সলভেন্সি অনুপাত (ASM)/ (RSM) | |

টীকাঃ

১) সমন্বয়কৃত সম্পদ তফসিল ১ এর ফরম এ উল্লিখিত পলিসিগ্রাহকগণের তহবিলের নিরিখে সম্পদের মূল্য হইবে;

২) মোট দায় তফসিল ২ এর ফরম এ প্রদর্শিত মোট দায়ের পরিমাণ হইবে;

৩) পলিসিগ্রাহকগণের তহবিলের অন্যান্য দায় আর্থিক বিবরণীতে উল্লিখিত পলিসিগ্রাহকগণের তহবিল হইতে উদ্ভূত অন্যান্য দায়ের পরিমাণ হইবে;

৪) সমন্বয়কৃত সম্পদ তফসিল ১ এর ফরম এ প্রদর্শিত শেয়ারহোল্ডারগণের তহবিলের নিরিখে সম্পদের মূল্য হইবে;

৫) শেয়ারহোল্ডারগণের তহবিলের অন্যান্য দায় আর্থিক বিবরণীতে উল্লিখিত শেয়ারহোল্ডারগণের তহবিল হইতে উদ্ভূত অন্যান্য দায়ের পরিমাণ হইবে;

| ......................... | ............................ | ......................... |
|---|---|---|
| একচ্যুয়ারীর স্বাক্ষর | ব্যবস্থাপনা পরিচালক/মুখ্য নির্বাহী কর্মকর্তার স্বাক্ষর | নিরীক্ষকের স্বাক্ষর |

29 AUG 2023

মোহাম্মদ জয়নুল বারী

চেয়ারম্যান

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ